159

তারিখ ... 08 DEC 1995 ...
পৃষ্ঠা ... ৫৫ ... কলাম ... ৭ ...

দৈনিক বাংলা

# অভিন্ন প্রশ্নপত্রের দাবী

চারটি বোর্ডে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করা হোক কিছুদিন যাবৎ এমন একটি দাবী উঠছিল। শুধু এইচএসসি নয়, এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র অভিন্ন হওয়ার দাবী আছে বিভিন্ন মহলে। এ দাবী জোরেসোরে উঠতে থাকে বোর্ডের পরীক্ষার নম্বরের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সিদ্ধান্ত গৃহীত হবার প্রেক্ষাপটে। বলা হয় যে ভিন্ন ভিন্ন বোর্ডে ভিন্ন ভিন্ন প্রশ্নপত্রে ছাত্রদের পরীক্ষা গ্রহণ করে। এদের উত্তরপত্র মূল্যায়নও তাই ভিন্ন প্রশ্নের ভিত্তিতে হয়ে থাকে। স্বাভাবিকভাবেই এই অবস্থায় পরীক্ষার প্রাপ্ত নম্বরের হেরফের হতে পারে। এবং প্রাপ্ত নম্বরের হেরফের তাদের পরবর্তী শ্রেণীতে ভর্তিতে অসুবিধা সৃষ্টি করতে পারে। অর্থাৎ সহজ প্রশ্নের জন্য এক বোর্ডের ছাত্ররা বেশী নম্বর পেতে পারে এবং অন্যান্য বোর্ডের প্রশ্নপত্র তুলনামূলকভাবে কঠিন হলে প্রাপ্ত নম্বরের হেরফের হতে পারে।

তাই স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠতে পারে এ সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদের অবকাশ কোথায়, বা প্রতিবাদের ভিত্তি কি? এ ধরনের পরীক্ষায়ও সাধারণ ছাত্রদের ক্ষতির পরিবর্তে লাভবান হবারই কথা। তবে এক প্রশ্নপত্র হলে খানিকটা অসুবিধা দেখা দিতে পারে উচ্চাকাঙ্খী মেধাবী ছাত্রদের বেলায়।

তবে এ জন্য কোন ছাত্র রাস্তায় নামবে বা কেউ তাদের নামাবে তাও বিশ্বাসযোগ্য নয়। তাই যাদের যানবাহন ক্ষতিগ্রস্ত হয়েছে অন্তত তাদের নিশ্চয়ই জানবার অধিকার আছে—তারা এ মিছিলের শিকার হলেন কেন, কোন কারণে?